

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬০৮২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৫২৬]

৬৮ / কোমল হওয়া (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ২৭২৬. হাশরের অবস্থা

بَابِ كَيْفَ الْحَسْرُ

আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا شُعْبَةُ، حَدَّثَنَا عَنِ الْمُغِيرَةِ بْنِ النُّعْمَانِ، عَنْ سَعِيدِ
بْنِ جُبَيْرٍ، عَنْ أَبْنِ عَبَّاسٍ، قَالَ قَامَ فِينَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَقَالَ "إِنَّكُمْ
مَحْشُورُونَ حُفَّةً عُرَاءً (كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيَّدُهُ) الْآيَةُ، وَإِنَّ أَوَّلَ الْخَلَائِقِ يُكْسَى يَوْمَ
الْقِيَامَةِ إِبْرَاهِيمُ، وَإِنَّهُ سَيُجَاءُ بِرِجَالٍ مِنْ أُمَّتِي، فَيُؤْخَذُ بِهِمْ ذَاتَ الشِّمَاءِ. فَأَقُولُ يَا رَبِّ
أَصِحَّابِي. فَيَقُولُ إِنَّكَ لَا تَدْرِي مَا أَحْدَثُوا بَعْدَكَ. فَأَقُولُ كَمَا قَالَ الْعَبْدُ الصَّالِحُ (وَكُنْتُ
عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ) إِلَى قَوْلِهِ (الْحَكِيمُ) قَالَ فَيُقَالُ إِنَّهُمْ لَمْ يَزَالُوا مُرْتَدِينَ عَلَى
أَعْقَابِهِمْ".

বাংলা

৬০৮২। মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ... ইবনু আব্রাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে খুৎবা দিতে দাঁড়ালেন। এরপর বললেনঃ নিশ্যই তোমাদের হাশর করা হবে
খালি পা, উলঙ্গ ও খাতনাবিহীন অবস্থায়। আয়াতঃ **كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيَّدُهُ** অর্থাৎ আল্লাহ তাআলা বলেন
যেভাবে আমি প্রথমবার সৃষ্টি করেছি তেমনিভাবে দ্বিতীয়বার সৃষ্টি করব। আর কিয়ামতের দিন সর্বপ্রথম ইবরাহীম
(আলাইহিস সালাম) কে পোশাক পরিধান করানো হবে। আমার উম্মাত থেকে কিছু লোককে আনা হবে আর
তাদেরকে আনা হবে বামওয়ালাদের (বাম হাতে আমলনামা প্রাণ) ভিতর থেকে। তখন আমি বলব, হে প্রভু। এরা
তো আমার উম্মাত। এরপর আল্লাহ বলবেনঃ নিশ্যই তুমি জানো না তোমার পরে এরা কি করেছে। তখন আমি
আরয করব, যেমন আরয করেছে নেককার বান্দা অর্থাৎ ঈসা (আলাইহিস সালাম) আয়াতঃ **وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا**
أَرْبَعَةَ أَرْبَعَةَ অর্থাৎ যতদিন আমি ছিলাম আমি তাদের ওপর সাক্ষী ছিলাম ... **الْحَكِيمُ** ... **الْحَكِيمُ** ...
রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এরপর জবাব দেওয়া হবে। এরা সর্বদাই দ্বীন থেকে পৃষ্ঠ
প্রদর্শনের ওপর বিদ্যমান ছিল।

English

Narrated Ibn `Abbas:

The Prophet (ﷺ) stood up among us and addressed (saying) "You will be gathered, barefooted, naked, and uncircumcised (as Allah says): 'As We began the first creation, We shall repeat it..' (21.104) And the first human being to be dressed on the Day of Resurrection will be (the Prophet) Abraham Al-Khalil. Then will be brought some men of my followers who will be taken towards the left (i.e., to the Fire), and I will say: 'O Lord! My companions whereupon Allah will say: You do not know what they did after you left them. I will then say as the pious slave, Jesus said, And I was witness over them while I dwelt amongst them.....(up to) ...the All-Wise.' (5.117-118). The narrator added: Then it will be said that those people (relegated from Islam, that is) kept on turning on their heels (deserted Islam).

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্রাহাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=6825>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন